৪২

দৈনিক সংবাদ

তারিখ ... 06 NOV 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

# ছাত্রী অপহরণ ও ধর্ষণের অভিযোগে মাদ্রাসা শিক্ষক গ্রেফতার

ঝালকাঠি, ৫ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা) ।- সহযোগীদের নিয়ে ছাত্রী অপহরণ ও ধর্ষণের অভিযোগে ঝালকাঠির পুলিশ মোকাররমপুর দরবার শরীফ মাদ্রাসার শিক্ষক জালালউদ্দিনকে গত ২৭শে নভেম্বর গ্রেফতার করেছে। তাকে জেল হাজতে পাঠানো হয়েছে। ধর্ষিত মাদ্রাসা ছাত্রীকে মেডিক্যাল টেস্টের জন্য জেলা সদর হাসপাতালে পাঠানো হয়েছে। ঝালকাঠি সদর থানার স্বল্পসেনা গ্রামের এক দরিদ্র পরিবারের কিশোরী কন্যা (নাম প্রকাশ করা হল না) নিকটবর্তী মোকাররমপুর দরবার শরীফ মাদ্রাসায় ৮ম শ্রেণীতে পড়াশোনা করত। ঐ মাদ্রাসার শিক্ষক জালালউদ্দিনের কাছে সে প্রাইভেট পড়ত। এ পর্যায় উক্ত মাদ্রাসা শিক্ষক তার সাথে কুকাজের প্রস্তাব দেয়। প্রস্তাবে রাজি না হয়ে উক্ত ছাত্রী ঘটনাটি লিখিতভাবে মাদ্রাসার সুপারিনটেনডেন্টের কাছে জানায়। এতে জালালউদ্দিন দারুণ ক্ষুব্ধ হয়ে ভুট্টো রাজা ও জাকির নামে দুই সহযোগী নিয়ে গত ২৯শে অক্টোবর মাদ্রাসা থেকে বাড়ি ফেরার পথে উক্ত ছাত্রীকে অপহরণ করে। তারা একটি বাড়িতে ২ দিন যাবৎ তাকে আটকে রেখে পর্যায়ক্রমে ধর্ষণ করে। ছাত্রীর পিতা সংবাদ পেয়ে লোকজনের সহায়তায় মেয়েকে উদ্ধার করে বাড়ি নিয়ে যায়। দুর্বৃত্তরা এলাকার প্রভাবশালী হওয়ায় বাবা ঘটনাটি তাৎক্ষণিকভাবে থানায় জানাতে সাহস পায়নি। পরে ২রা নভেম্বর এলাকায় লোকজনের সহায়তায় ঝালকাঠি ম্যাজিস্ট্রেট আদালতে মামলা দায়ের করলে বিজ্ঞ বিচারক থানাকে মামলাটি গ্রহণের জন্য নির্দেশ দেন। ছাত্রী বাদি হয়ে ঝালকাঠি থানায় ঐদিনই মামলা দায়ের করে। ঝালকাঠির পুলিশ পরদিন উক্ত উক্ত মাদ্রাসা থেকে শিক্ষক জালালউদ্দিনকে গ্রেফতার করে। অন্য দুই সহযোগী ভুট্টো রাজা এবং জাকির পলাতক রয়েছে। উল্লেখ্য, উক্ত মাদ্রাসা শিক্ষক ইতোপূর্বে এক ছাত্রীর সাথে অবৈধ কর্মকান্ড করে ধরা পরার পর ঐ ছাত্রীকে বিয়ে করতে বাধ্য হয়।